সংবাদ

19 OCT 2017

# ঢাবির ‘ক’ ইউনিটে পাসের হার ২৩.৩৭%

■ ‘চ’ ইউনিটে ভর্তিযোগ্য ৩০৪ জন

■ ‘ক’ ইউনিটে আসন কমেছে ২৫টি

প্রতিনিধি, ঢাবি

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের বিজ্ঞান অনুষদভুক্ত ক-ইউনিট এবং চারুকলা অনুষদভুক্ত চ-ইউনিটের ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণীর ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে। 'ক' ইউনিটের ভর্তি পরীক্ষার ফলাফলে ২৩ দশমিক ৩৭ শতাংশ হারে ১৯ হাজার ২৬৭ পরীক্ষার্থী এবং ‘চ’ ইউনিটে ২ দশমিক ৭৫ শতাংশ হারে ৩০৪ পরীক্ষার্থী ভর্তিরযোগ্য বিবেচিত হয়েছে। এছাড়া থিউরিটিক্যাল ফিজিক্স বিভাগে স্নাতক সম্মান শ্রেণিতে এবার শিক্ষার্থী ভর্তি না করানোর কারণে ২৫টি আসন কমে যায়। আর তাই ক-ইউনিটের আসন সংখ্যা ১ হাজার ৭৬৫ থেকে কমে দাঁড়ায় ১ হাজার ৭৪০টিতে। গতকাল দুপুরে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রশাসনিক ভবনস্থ কেন্দ্রীয় ভর্তি অফিসে (কক্ষ নং-২১৪) আনুষ্ঠানিকভাবে এই ফলাফল প্রকাশ করেন।

ক-ইউনিটের এবারের ভর্তি পরীক্ষায় মেধা তালিকায় প্রথম স্থান অধিকার করে রাজউক উত্তরা মডেল কলেজের অনিক বিশ্বাস। ভর্তি পরীক্ষায় তার প্রাপ্ত স্কোর ১৯১.২৫। দ্বিতীয় স্থান অধিকারী হলেন আনন্দমোহন কলেজের শিক্ষার্থী মো. রাসেল মিয়া। অনিক বিশ্বাসের মতো তারও প্রাপ্ত স্কোর ১৯১.২৫। তৃতীয় হয়েছে মো. রফিকুল ইসলাম রাফি। তার প্রাপ্ত স্কোর ১৮৮.৭৫। চ-ইউনিটের এবারের ভর্তি পরীক্ষায় মেধা তালিকায় প্রথম স্থান অধিকার করে হলিক্রস কলেজের শিক্ষার্থী তামান্না তাসনিম সুপ্তি। ভর্তি পরীক্ষায় তার প্রাপ্ত স্কোর ১৬৯.৫। দ্বিতীয় স্থান অধিকারকারিণী হলেন যশোর ক্যান্টনমেন্ট পাসের : পৃষ্ঠা : ২ ক : ১

## পাসের : হার

(১৬ পৃষ্ঠার পর)

কলেজের শিক্ষার্থী ফাহমিদা ফারজানা। তার প্রাপ্ত স্কোর ১৬৬.৩। তৃতীয় হয়েছে ঢাকা ইম্পেরিয়াল কলেজের আবদুল্লাহ আল জাদিদ। তার প্রাপ্ত স্কোর ১৬৬.২।

ক-ইউনিটে এবার ১ হাজার ৭৪০টি আসনের বিপরীতে আবেদনকারীর সংখ্যা ছিল ৮৯ হাজার ৫০৮। ভর্তি পরীক্ষায় অংশ নেয় ৮২ হাজার ৪৫৩ জন। শতকরা হারে ২৩ দশমিক ৩৭ জন কৃতকার্য হয়। ওএমআর-এ ভুল, জালিয়াতির অভিযোগে সাজাপ্রাপ্তরাসহ এবার ৩০৪ জনের পরীক্ষা বাতিল ঘোষণা করা হয়। আর ভর্তিযোগ্য বিবেচিত ১৯ হাজার ২৬৭ জনের মধ্যে ১ হাজার ৭৪০ শিক্ষার্থী বিজ্ঞান অনুষদ, জীববিজ্ঞান অনুষদ ও ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদে লেখাপড়া করার সুযোগ পাবে।

অন্যদিকে চ-ইউনিটে এবার ১৩৫টি আসনের বিপরীতে আবেদনকারীর সংখ্যা ছিল ১৩ হাজার ৪৭৮। ভর্তি পরীক্ষায় অংশ নেয় ১১ হাজার ৭২ জন। চ-ইউনিটে এবার শতকরা হারে ২ দশমিক ৭৫ জন শিক্ষার্থী পাস করে। আর ভর্তিযোগ্য বিবেচিত ৩০৪ জনের মধ্যে ১৩৫ শিক্ষার্থী চারুকলা অনুষদের আটটি বিভাগে ভর্তি হতে পারবে।

আসন সংখ্যা কমানোর ব্যাপারে ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদের ডিন ও ক-ইউনিট ভর্তি পরীক্ষার সমন্বয়কারী অধ্যাপক ড. মো. হাসানুজ্জামানের কাছে জানতে চাইলে তিনি সংবাদকে জানান, থিউরিটিক্যাল ফিজিক্স নামে একটা বিভাগে স্নাতক সম্মান শ্রেণীতে গতবার শিক্ষার্থী ভর্তি করা হয়েছিল। রুম সংকটের কারণে তারা এবার অপারগতা প্রকাশ করেছে। তাই এবার তারা আর থিউরিটিক্যাল ফিজিক্স বিভাগে স্নাতক সম্মান শ্রেণীতে শিক্ষার্থী ভর্তি করতে পারবে না। এ জন্য উক্ত বিভাগের ২৫টি আসন কমানো হয়েছে।

ক-ইউনিটের পাসকৃত শিক্ষার্থীদের আগামী ৫ নভেম্বর থেকে ১৫ নভেম্বর পর্যন্ত ওয়েবসাইটে বিস্তারিত ফরম ও বিষয় পছন্দক্রম ফরম পূরণ করতে হবে। উত্তীর্ণ ছাত্রছাত্রীদের কোটার ফরম ২৯ অক্টোবর থেকে ৬ নভেম্বরের মধ্যে ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদের ডিন অফিস থেকে সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করে জমা দিতে হবে। ফলাফল নিরীক্ষণের জন্য নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে আগামী ১৯ অক্টোবর থেকে ২৫ অক্টোবর পর্যন্ত ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদের ডিন অফিসে আবেদন করা যাবে। এ সংক্রান্ত ফলাফল আগামী ২৬ অক্টোবর অনুষদ অফিসে প্রকাশ করা হবে।

অন্যদিকে, চ-ইউনিটের পাসকৃত ছাত্রছাত্রীদের আগামী ২৩ অক্টোবর থেকে ৩০ অক্টোবর পর্যন্ত ওয়েবসাইটে বিষয় পছন্দক্রম ফরম পূরণ করতে হবে। উত্তীর্ণ ছাত্রছাত্রীদের সংশ্লিষ্ট কোটার ফরম ২৩ অক্টোবর থেকে ৩০ অক্টোবরের মধ্যে চারুকলা অনুষদের ডিন অফিস থেকে সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করে জমা দিতে হবে। ফলাফল নিরীক্ষণের জন্য নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে ১৯ অক্টোবর থেকে ২৬ অক্টোবর পর্যন্ত অনুষদের ডিন অফিসে আবেদন করা যাবে। আগামী ৮ নভেম্বর ওয়েবসাইটে প্রাপ্ত বিভাগ তালিকা প্রকাশ করা হবে।

পরীক্ষার বিস্তারিত ফলাফল বিশ্ববিদ্যালয়ের ধফসরংংরড়হ.বরং.ফঁ.ধপ.নফ ওয়েবসাইটে জানা যাবে। তাছাড়া, ক-ইউনিটের ফলাফল জানতে যে কোন অপারেটরের মোবাইল ফোন থেকে উট ক ৎড়ষষ হড়? টাইপ করে ১৬৩২১ নম্বরে ংবহফ করে ফিরতি ঝগঝ-এ ফলাফল জানা যাবে। আর চ-ইউনিটের ফলাফল জানতে যে কোন অপারেটরের মোবাইল ফোন থেকে উট ঈঐঅ ৎড়ষষ হড়? টাইপ করে ১৬৩২১ নম্বরে ংবহফ করে ফিরতি ঝগঝ-এ ফলাফল জানা যাবে।

ফলাফল ঘোষণার সময় ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদের ডিন ও ক-ইউনিট ভর্তি পরীক্ষার সমন্বয়কারী অধ্যাপক ড. মো. হাসানুজ্জামান, চারুকলা অনুষদের ডিন ও চ-ইউনিট ভর্তি পরীক্ষার সমন্বয়কারী অধ্যাপক নিসার হোসেন, জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক মো. ইমদাদুল হক, আর্থ অ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক ড. এএসএম মাকসুদ কামাল, অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. হাসিবুর রশীদ এবং ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামানসহ বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।